

সিডনিতে ফারুকীর টেলিভিশন দর্শক আপ্লত

কাউসার খান: ৬০তম সিডনি ফিল্ম ফেস্টিভ্যাল। মোস্তফা সরয়ার ফারুকী'র 'টেলিভিশন' প্রদর্শন শেষে হল ভর্তি অস্ট্রেলিয়ান দর্শকের মূহর্মুহ করতালিতে অসাধারণ দ্রশ্যের অবতারণ হয়।



আজ শনিবার বিকেল ৩ টা ৪৫ মিনিটে

বিখ্যাত অপেরা হাউস লাগোয়া 'ডেভি অপেরা কি' সিনেমা হলে বাংলাদেশের একমাত্র ছবি মোস্তফা সরয়ার ফারুকী'র 'টেলিভিশন' প্রদর্শিত হলো। এ ধরণের প্রদর্শনীগুলোতে সাধারণত দর্শক কম হলেও এ প্রদর্শনীতে দর্শক ছিলো প্রায় হল ভর্তি। কিছু সংখ্যক বাংলাদেশী দর্শক বাদ দিলে সবাই ছিলো মূলত অস্ট্রেলীয় দর্শক। ছবিতে সাব-টাইটেল সহ ১০৬ মিনিটের পুরো ছবিতে এদেশি দর্শকরা বাংলা ভাষাভাষী দর্শকের মতই কখনো আবেগ আপ্লত কখনো উত্তেজিত হয়েছেন, সংলাপে সংলাপে কখনো হাসি কখনো বা বিষাদগ্রস্ত হয়েছেন বাঙালি দর্শকের মতোই।

পৃথিবীর প্রায় ৫৬ টি দেশের ৫৩ টি ভাষায় ১৯৩ টি ছবি এ উৎসবে অংশগ্রহণ করছে। বাংলাদেশ থেকে এই প্রথম এ উৎসবে কোন ছবি অংশগ্রহণ করার সুযোগ পেলো। আর এতেই বাংলাদেশের 'টেলিভিশন' মাতিয়ে দিলো ভিন্দেশীদের হৃদয়। এ অভ্যন্তর্পূর্ব দৃশ্য উপভোগ করা একজন বাঙালি দর্শকের জন্য ছিলো একটি অসাধারণ অভিজ্ঞতা। ছবি শেষে হল ভর্তি দর্শকদের করতালিতে উপস্থিত বাংলাদেশীরা ছিলেন আনন্দে উদ্বেলিত। তার উপর, বাংলা-সিডনি.কম এর দর্শকদের জন্য টিকেটে ছিলো বিশেষ ছাড়; ২০ ডলারের টিকেট পাওয়া গেছে ১০ ডলারে। সবকিছু মিলিয়ে বাঙালি দর্শক ছিলেন ফুরফুরে।

পৃথিবীর সেরা সেরা ছবির এ বলমলে হাটের পর্দা নেমেছে গত ১৬ জুন ২০১৩ ঠিকই কিন্তু বাংলাদেশের প্রত্যন্ত গ্রামাঞ্চলের পুরনো ঐতিহ্য আর আধুনিক তথ্যপ্রযুক্তি দ্বন্দ্ব নির্ভর ফারুকী'র 'টেলিভিশন'র রেশ থেকে যাবে অনেকদিন আমাদের মতো বিদেশীদের মনেও।

kawsark@gmail.com